গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ আনোয়ার উদ্দিন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | **২৮ নভেম্বর ২০২৪খ্রি.** |
| সভার সময় | দুপুর ০৩:০০ মিনিট |
| স্থান | জুম অনলাইন প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২৮ নভেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২য় সভার কার্যক্রম শুরু করেন ও আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

২.০ বিস্তারিত আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

(ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্র:নং | কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | ২০২৪-২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ১ | ১.১. নৈতিকতা কমিটির সভা আয়োজন | ১.১.১. সভা আয়োজন | ৪টি সভা | ২টি সভা সম্পন্ন হয়েছে। |
| ২ | ১.২. নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১.২.১. বাস্তবায়িত সিদ্ধান্ত | ১০০ | ১ম এবং ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে । |
| ৩ | ১.৩. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১.৩.১. অনুষ্ঠিত সভা | ৪টি সভা | ২টি সভা সম্পন্ন হয়েছে । |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ | ১.৪.১. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী | ৩৫ জন করে ২টি ব্যাচ | প্রশিক্ষণ কার্যক্রমের প্রশাসনিক এবং আয়োজন সম্পর্কিত কার্যক্রম প্রক্রিয়াধীন। |
| ৫ | ১.৫. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | ১.৫.১. উন্নত কর্ম-পরিবেশ সংযুক্তি (১) | ২টি | কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হবে। |
| ৬ | ১.৬. আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১.৬.১. ফিডব্যাক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন | ৩টি ফিডব্যাক প্রশিক্ষণ/কর্মশালা | জানুয়ারি ২০২৫ মাসে কর্মশালা আয়োজনের কার্যক্রম চলমান। |
| ৭ | ২.১. ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২.১.১. ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩১-০৭-২০২৪ | ৩১-০৭-২০২৪ ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। |
| ৮ | ২.২. অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ২.২.১. ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেট) বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেট) বাস্তবায়ন করা হয়েছে এবং ২য় কোয়ার্টারে ১৫% বাস্তবায়ন করা হয়েছে। |
| | | ২.২.২. ক্রয় পরিকল্পনা (উন্নয়ন বাজেট) বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% ক্রয় পরিকল্পনা (উন্নয়ন বাজেট) বাস্তবায়ন করা হয়েছে এবং ২য় কোয়ার্টারে ১৫% বাস্তবায়ন করা হয়েছে। |
| ৯ | ২.৩. বাজেট বাস্তবায়ন | ২.৩.১. বাজেট বাস্তবায়িত | ১০০% | ১ম কোয়ার্টারে ২% বাজেট বাস্তবায়ন করা হয়েছে এবং ২য় কোয়ার্টারে ১৫% বাজেট বাস্তবায়ন করা হয়েছে। |
| ১০ | ২.৪. প্রকল্পের PIC সভা আয়োজন | ২.৪.১. সভা আয়োজন | ৪টি সভা | হার পাওয়ার প্রকল্প (Her Power Project) : প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের PIC সভা গত ০৪/০৮/২০২৪ তারিখে এবং ২৬/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের PIC সভা গত ৩০/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ২.৫. প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা হবে। | ২.৫.১. প্রকল্পের সম্পদ (কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩০-০৬-২০২৫ | - |
| | | ২.৫.২. প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩০-০৬-২০২৫ | - |
| ১২ | ৩.১. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | ৩.১.১. প্রত্যয়ন সংযুক্তি (১) | ১টি প্রত্যয়ন | - |
| ১৩ | ৩.২. মাঠ পর্যায়ে বরাদ্দকৃত বাজেট পাবলিক প্রকিউরমেন্ট আইন, বিধিমালা ও অন্যান্য আর্থিক পরিপত্র অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত জেলা পর্যায়ের অফিস পরিবীক্ষণ | ৩.২.১. পরিবীক্ষণকৃত সংযুক্তি (১) | ৪টি পরিবীক্ষণকৃত প্রতিবেদন | কোন পরিদর্শন হয়নি এবং প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ১৪ | ৩.৩. হার পাওয়ার (Her Power) প্রকল্পের আওতায় চলমান প্রশিক্ষণের সরেজমিন পরিবীক্ষণ | ৩.৩.১. পরিবীক্ষণকৃত সংযুক্তি (১) | ৪টি পরিবীক্ষণকৃত প্রতিবেদন | কোন পরিদর্শন হয়নি এবং কোন প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ১৫ | ৩.৪. ইডিসি (EDC) প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” এবং “জেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” এর ভৌত কাঠামো বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন | ৩.৪.১. পরিদর্শন সংক্রান্ত ছবিসহ স্বাক্ষরিত প্রতিবেদন সংযুক্তি (১) | ৪টি পরিদর্শন সংক্রান্ত ছবিসহ স্বাক্ষরিত প্রতিবেদন | কোন পরিদর্শন হয়নি এবং কোন প্রতিবেদন পাওয়া যায়নি । |
| ১৬ | ৩.৫. স্টোর ম্যানেজমেন্ট মডিউল প্রস্তুত করণ | ৩.৫.১. প্রস্তুতকৃত স্টোর ম্যানেজমেন্ট মডিউল সংযুক্তি (১) | ৩০-০৬-২০২৫ | কার্যক্রম চলমান রয়েছে |

(খ) আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম. নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক তার বক্তব্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় বিভিন্ন বেসরকারী সংস্থাকে অংশীজন (Stakeholder) হিসেবে সংযুক্ত করা এবং তাদের মতামত নেয়ার ব্যাপারে আলোচনা করেন। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৪-২৫ অর্থবছরে নৈতিকতা কমিটির সভা আয়োজন ও বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, মাঠ পর্যায়ের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল মূল্যায়ন, ক্রয় পরিকল্পনা, বাজেট বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় বিভিন্ন বেসরকারী সংস্থাকে অংশীজন (Stakeholders) হিসেবে সংযুক্ত করতে হবে এবং তাদের মতামত নিতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৪-২৫ অর্থবছরের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। |
| ২। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক তার বক্তব্যে বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত একটি মাস্টার প্ল্যান যার একটি সুনির্দিষ্ট নীতি রয়েছে এবং যার মাধ্যমে সরকারি অফিসে সর্বোচ্চ সুশাসন প্রতিষ্ঠিত হয়। তিনি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দপ্তর/ সংস্থাগুলোকে যুক্ত করতে হবে এবং ফিডব্যাক নিতে হবে। যে কাজগুলো করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ নির্ধারিত সময়ের মধ্যে সে কাজ কর্ম-পরিকল্পনা অনুযায়ী সততা ও নৈতিকতার সাথে সম্পন্ন করতে হবে। জাতীয় সম্পদের অপচয় যেন না হয় তা নিশ্চিত করতে হবে। এছাড়া শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত সুশাসন নিশ্চিত করা এবং সরকারি টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে আলোচনা করেন। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত আয়োজিত অংশীজনের সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দপ্তর/ সংস্থাগুলোকে যুক্ত করতে হবে এবং ফিডব্যাক নিতে হবে। যে কাজগুলো করার জন্য এ দপ্তর প্রতিশ্রুতিবদ্ধ নির্ধারিত সময়ের মধ্যে সে কাজ কর্ম-পরিকল্পনা অনুযায়ী সততা ও নৈতিকতার সাথে সম্পন্ন করতে হবে। জাতীয় সম্পদের অপচয় যেন না করি তা নিশ্চিত করতে হবে। এছাড়া শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত সুশাসন নিশ্চিত করতে হবে। সরকারি টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৩। | সিটিজেন চার্টার সংক্রান্তঃ এ অধিদপ্তরের সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মাঠ পর্যায়ের অনেক সরকারি অফিসে সিটিজেনস চার্টার থাকা সত্ত্বেও খুঁজে পাওয়া যায় না। তাই মাঠ পর্যায়ের সিটিজেনস চার্টারকে আপডেট করে দৃশ্যমান স্থানে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের সিটিজেন চার্টার সংক্রান্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুসরণ পূর্বক বাস্তবায়ন করতে হবে এবং মাঠ পর্যায়ের অফিসগুলোতে সিটিজেনস চার্টার আপডেট করে দৃশ্যমান স্থানে রাখতে হবে। |
| ৪। | RTI সংক্রান্তঃ এ অধিদপ্তরের RTI বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন সরকারি অফিসে তথ্য চাওয়া হলে তারা তা প্রদান করতে চায়না। এর ফলে বিভিন্ন তথ্য প্রাপ্তিতে হয়রানির সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের প্রতিনিধি জানান কিছু তথ্য প্রাপ্তির ক্ষেত্রে তথ্য যাচিতকারী ব্যক্তিকে ফি প্রদান করতে হয়। তাছাড়া কিছু তথ্য সরকারের স্বার্থে গোপনীয় রাখার বিধান রয়েছে। | অধিদপ্তরের R T I সংক্রান্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুসরণপূর্বক বাস্তবায়ন করতে হবে। অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল অফিস কর্তৃক যথাযথভাবে তথ্য প্রদান করা হয় কিনা তা পর্যবেক্ষণ করতে হবে এবং RTI সংক্রান্ত প্রাপ্ত আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। |
| ৫। | GRS সংক্রান্তঃ নাগরিক/দাপ্তরিক অভিযোগ GRS এর মাধ্যমে নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। | অধিদপ্তরের GRS সংক্রান্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুসরণপূর্বক বাস্তবায়ন করতে হবে এবং নাগরিক/দাপ্তরিক অভিযোগ GRS এর মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করতে হবে। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২-০১-২০২৫
মোহাম্মদ আনোয়ার উদ্দিন
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

তারিখ: ৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০৮.১৬.০৫৫.১৭.১০৭১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্‌স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপ-পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। উপ-পরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৭। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।।
৯। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১০। অফিস কপি।

২৩-০১-২০২৫
তাপসী রাবেয়া
উপ-পরিচালক